সংবাদ

তারিখ 01 JUN 2016
পৃঃ ১৫ কলাম ৭



# আমারক স্কুলের ২শ' মা শিক্ষার্থীকে মিনি কম্পিউটার প্রদান

নিজস্ব বার্তা পরিবেশক

প্রযুক্তি ও তথ্য উপাত্ত ব্যবহারের মাধ্যমে অতি দরিদ্র পরিবারের শিশুদের শিক্ষণ প্রক্রিয়া ত্বরান্বিত করতে আমারক স্কুলের ২০০ জন মা শিক্ষার্থীকে ট্যাবলয়েড (মিনি কম্পিউটার) প্রদান করা হয়েছে। গতকাল রাজধানীর গুলশানে রোটারি ক্লাব অফ ঢাকা মিডটাউন আন্তর্জাতিক রোটারি ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে এই ট্যাবলয়েডগুলো প্রদান করা হয়।

অনুষ্ঠানে রোটারি ক্লাবের প্রেসিডেন্ট ডা. জাহানারা ঝুমু খানের সঞ্চালনায় ক্লাবের সাবেক গভর্নর রফিক আহমেদ সিদ্দিক, আমারক একাডেমির কান্ট্রি ডিরেক্টর কান্তাল বরমণ মন্ডল, সেক্রেটারি এম সাজ্জাদ হোসাইন সোহেল ও ক্লাবের সাবেক প্রেসিডেন্ট মাহমুদ আলী খান, জহুরুল ইসলাম চৌধুরী, শামসুর রহমান খান, খায়ের উদ্দিন খান, জাকির হোসেন, সুলতানা রহমানসহ অন্য নেতারা উপস্থিত ছিলেন। অতিথিরা মা শিক্ষার্থীদের হাতে ট্যাবলয়েডগুলো তুলে দেন। অনুষ্ঠানে কিভাবে ট্যাবলেট ব্যবহারের মাধ্যমে মা ও শিশুকে শিখন প্রক্রিয়া সম্পন্ন করেন তা তুলে ধরেন আমারক স্কুলের এক শিক্ষিকা। রোটারি ক্লাবের সাবেক গভর্নর রফিক আহমেদ সিদ্দিক বলেন, ক্লাব ও ব্যক্তিগত উদ্যোগে রোটারিয়ানরা পৃথিবীর বিভিন্ন দেশে সেবামূলক কাজ করে যাচ্ছেন। সবাই মিলে সমন্বিতভাবে এই কাজগুলো করা সম্ভব হচ্ছে। আমারক একাডেমির কান্ট্রিডিরেক্টর কান্তাল বরমণ মন্ডল বলেন, মায়েদের আগ্রহ না থাকলে সন্তানরা শিক্ষা গ্রহণে আগ্রহী হয়ে ওঠেন না। আমারক একাডেমির উদ্দেশ্য তথ্যপ্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অতি দরিদ্র পরিবারের একজন শিক্ষিত মা পাঁচজন শিশুকে শিক্ষা দিতে পারবেন, সন্তানদের শিক্ষা গ্রহণে আগ্রহী করে তুলতে পারবেন। ডা. জাহানারা ঝুমু খান বলেন, ট্যাবলেটের মাধ্যমে শিক্ষাটাকে আরও আনন্দদায়কভাবে মায়েরা শিশুদের শিক্ষা গ্রহণে আগ্রহী করে তোলাই এর লক্ষ্য।